ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৩৪১৬</u>

আগরতলা, ২৭ অক্টোবর, ২০২৫

## <u>কৃষি ও উদ্যান বিষয়ে টাস্ক ফোর্সের সভায় মুখ্যমন্ত্রী</u>
## বৈজ্ঞানিক পদ্ধতিতে সঠিক ফসল চাষের মাধ্যমে এখানকার কৃষকরা আর্থিকভাবে লাভবান হতে পারেন

উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে কিষাণ রেল পরিষেবাকে আরও শক্তিশালী করতে হবে। এই অঞ্চলের বিভিন্ন রাজ্যে উৎপাদিত সামগ্রীগুলি নিজেদের মধ্যে রপ্তানী করতে যাতে কোন ধরণের বাধার সম্মুখীন না হতে হয় সেই ধরণের ব্যবস্থা গড়ে তুলতে হবে। তাছাড়া কিষাণ রেলের কোল্ড স্টোরেজ ব্যবস্থাকেও আরও উন্নত করা সম্ভব কিনা সেই দিকেও নজর দেওয়া উচিত। আজ ত্রিপুরা ইনস্টিটিউশান ফর ট্রান্সফরমেশন কার্যালয়ের কনফারেন্স হলে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির টাস্ক ফোর্সের কৃষি ও উদ্যান বিষয়ক এক উচ্চ পর্যায়ের ভার্চুয়াল বৈঠকে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক (ডোনার) এর মন্ত্রী জোতিরাদিত্য সিন্ধিয়া বৈঠকে সভাপতিত্বে করেন। বৈঠকে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মুখ্যমন্ত্রী ও কৃষিমন্ত্রীগণ ভার্চুয়ালি উপস্থিত ছিলেন।

সভায় বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির এগ্রি জিআই ট্যাগিং প্রাপ্ত বিভিন্ন কৃষিজ ফসলকে এক একটি ব্র্যান্ডে পরিণত করতে হবে। উত্তর পূর্বাঞ্চলের মাটি খুবই উর্বর। বৈজ্ঞানিক পদ্ধতিতে সঠিক ফসল চাষের মাধ্যমে এখানকার কৃষকরা আর্থিকভাবে লাভবান হতে পারেন। এক্ষেত্রে এই অঞ্চলের কৃষি মহাবিদ্যালয়গুলির সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করতে হবে। তাছাড়া ক্লাস্টারভিত্তিক উৎপাদন এবং মার্কেটিং-এর মাধ্যমে দেশ বিদেশে স্থানীয় পণ্যের রপ্তানিতে বিশেষ জোর দিতে হবে। বৈঠকে ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া সিকিমের অর্গানিক ফার্মিং এর বিশেষ প্রশংসা করেন এবং এই অঞ্চলের অন্যান্য রাজ্যগুলিতে এই ফার্মিংকে জনপ্রিয় করার জন্য পরামর্শ দেন। আজকের এই বৈঠকে রাজ্যের কৃষি দপ্তরের সচিব অপূর্ব রায় সহ অন্যান্য আধিকারিকগণও উপস্থিত ছিলেন।

******